

সাম্প্রতিক কর্মকান্ড:

উল্লাপাড়া উপজেলায় মৎস্য দপ্তরের অধীনে রাজস্ব ও বিভিন্ন প্রকল্পের আওতায় মাছচাষের আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান ও প্রদর্শনী স্থাপন কার্যক্রম চলমান। যার মধ্যে খাঁচায় মাছচাষ, কার্প গলদা, কার্প পাঞ্জাস, কার্প নার্সারী, কার্প মিশ্র এবং তেলাপিয়া, পাবদা, গুলসা ও শিং মাছ চাষ উল্লেখযোগ্য। এছাড়াও উন্মুক্ত জলাশয়ে মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য আইন বাস্তবায়ন, অভয়াশ্রম স্থাপন, বিল নার্সারী বাস্তবায়ন, পোনা অবমুক্তকরণ সহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনা করা হয়। ২০২০-২১ অর্থবছরে উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক বাস্তবায়নকৃত নিয়মিত কার্যক্রমের মধ্যে রয়েছে-

- * মৎস্য আইন বাস্তবায়ন (অভিযান/মোবাইল কোর্ট-১৭ টি)।
- * ২০ জন প্রদর্শনী চাষীকে প্রশিক্ষণ প্রদান এবং মাছের খাদ্য, পোনা ও উপকরণ প্রদান;
- * ১০টি খাঁচায় মাছ চাষ প্রদর্শনী।
- * মাছের খাদ্য ও পোনার মান বজায় রাখার জন্য মনিটরিং (মৎস্য খাদ্য নমুনা পরীক্ষা-৬টি)।
- * বিল নার্সারি স্থাপনের মাধ্যমে প্রায় ৫,৩০,০০০ পোনা বিলে অবমুক্তকরণ।
- * অবক্ষয়িত জলাশয় পুনঃখনন ৫ হেঃ।
- * মৎস্য অভয়াশ্রম স্থাপন ও ব্যবস্থাপনা (৫টি)।
- * উন্মুক্ত জলাশয়ে পোনামাছ অবমুক্তকরণ (১০০০ কেজি)।
- * রাজস্ব ও প্রকল্প খাতে মৎস্যচাষীদের প্রশিক্ষণ মোট ৫০০ জন।
- * মাছ চাষ বিষয়ক পরামর্শ এবং রোগপ্রতিরোধ ও নিয়ন্ত্রণে পরিদর্শনসহ পরামর্শ প্রদান মোট ২৯০ জন।
- * NATP-2 এর AIF 2 ফান্ড হতে ১টি সিআইজি কে পিক আপ প্রদান।
- * ইউনিয়ন প্রকল্পের আওতায় কার্প গলদা প্রদর্শনীর মাধ্যমে ৫ বিঘা জলায় ২৫১ কেজি গলদা চিংড়ি উৎপাদন।